উপজেলা পরিষদ কার্যালয়
সরিষাবাড়ী, জামালপুর।
www.sarishabari.jamalpur.gov.bd

উপজেলা পরিষদ সরিষাবাড়ী, জামালপুর এর ডিসেম্বর/২০২৩ খ্রিঃ মাসের উপজেলা পরিষদের মাসিক সভার কার্যবিবরণীঃ-

সভাপতি ঃ বীর মুক্তিযোদ্ধা জনাব মোঃ গিয়াস উদ্দিন পাঠান
চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সরিষাবাড়ী।
স্থান ঃ উপজেলা পরিষদ হলরুম।

তারিখ ঃ ১৪-১২-২০২৩ খ্রিঃ,
সময় ঃ বেলা ১২.৩০ ঘটিকা।

উপস্থিতি ঃ পরিশিষ্ট 'ক'।

শুরুতে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে, মহান বিজয়ের মাসে স্বাধীনতার জন্য সকল বীর সহীদদের প্রতি শ্রদ্ধা জানিয়ে উপজেলা পরিষদের সভার কাজ শুরু করেন। অত:পর সভাপতি উপজেলা নির্বাহী অফিসারকে স্বাগত জানিয়ে আলোচ্যসূচি অনুযায়ী সভা পরিচালনা করার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানান। উপজেলা নির্বাহী অফিসার সবাইকে শুভেচ্ছা জানিয়ে বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনালে বিনা সংশোধনীতে অনুমোদিত হয়। অত:পর নিম্নলিখিত বিষয় নিয়ে আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্র:নং | বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ০১ | উপজেলা কৃষি বিভাগ । | কৃষি সম্প্রসারণ আওতাধীন 'সমন্বিত ব্যবস্থাপনার মাধ্যমে কৃষি যান্ত্রিকীকরণ' প্রকল্পের আওতায় ২০২৩-২০২৪ অর্থ বছরে চলতি আমন মৌসুমে কম্বাইন হারভেস্টার (ধান,গম ও ভূট্টা) রাইস ট্রান্সপ্লান্টার (ওয়াকিং ও রাইডিং), এবং রিপার ও রিপার বাইন্ডার যন্ত্রের যন্ত্রভিত্তিক উন্নয়ন সহায়তা (ভর্তুকি) প্রদান করা হবে । এক্ষেত্রে আগ্রহী কৃষক আগামী ২২ নভেম্বর ২০২৩ খ্রিঃ তারিখ পর্যন্ত উপজেলা কৃষি অফিসারের কার্যালয়ে আবেদন করতে পারবেন । রোপা আমন ধানের কর্তন কার্যক্রম চলমান রয়েছে । চলতি মৌসুমে রোপা আমন ধানের বাম্পার ফলন হয়েছে ফলে লক্ষ্যমাত্রা পূরণ হবে । রবি মৌসুমের আবাদ কার্যক্রম ইতিমধ্যে শুরু হয়েছে । | মাঠে সার্বক্ষণিক কৃষকদের সাথে যোগাযোগ রাখতে হবে। কৃষি প্রণোদনা কর্মসূচির আওতায় ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের মাঝে সঠিক ভাবে বিতরণ করতে হবে। | উপজেলা কৃষি অফিসার, সরিষাবাড়ী। |
| ০২ | উপজেলা স্বাস্থ্য বিভাগ । | ক. উপজেলা স্বাস্থ্য কর্মকর্তা বলেন, হাসপাতালে প্যাথলজি বিভাগ নতুন করে পুনর্বিন্যাস করা হয়েছে । প্যাথলজি পরিক্ষার জন্য নতুন Automated Cell Counter মেশিন স্থাপিত হয়েছে । নিরাপদ রক্ত পরিসঞ্চালন নিশ্চিত করার জন্য ব্লাড ব্যাংক স্থাপনের কাজ চলছে । হাসপাতালে এক্স-রে আলট্রাসনোগ্রাম, ইসিজি, এ্যাম্বুলেন্স, অপারেশন থিয়েটার সচল আছে । নভেম্বর ২০২৩ ইং মাসে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে বহিঃ বিভাগে ১২৬৫০ জন, অন্তঃ বিভাগে ১০৬৬ জন, জরুরী বিভাগে ২৭৪১ জন রোগী চিকিৎসা নিয়েছে । এ সময় ১০৪ টি স্বাভাবিক প্রসব এবং ১৫ টি সিজারিয়ান সেকশনে অপারেশন হয়েছে । কমিউনিটি আই সেন্টারে ২৯৪ জর রোগী চিকিৎসা নিয়েছে এবং ৩৭ টি চশমা বিনামূল্যে বিতরণ করা হয়েছে । এ মাসে মোট ১,৫৩,৫১৭ টাকা সেবামূল্য সরকারী কোষাগারে জমা দেয়া হয়েছে । এ পর্যন্ত ২৬১ জন ডেঙ্গ আক্রান্ত রোগী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে চিকিৎসা নিয়েছেন । ডেঙ্গুর প্রকোপ কমে আসার লক্ষন দেখা যাচ্ছে । তবে শীতের শুরুতে ডায়রিয়ার প্রকোপ দেখা দিতেপারে বিধায় সকলকে সতর্ক করা হচ্ছে। স্বাস্থ্য কমপ্লেক্সে পর্যাপ্ত কলেরা স্যালাইনের মজুত রয়েছে । | ক. নিরাপদ রক্ত পরিসঞ্চালন নিশ্চিত করার জন্য ব্লাড ব্যাংক স্থাপনের কাজ চলছে । হাসপাতালে এক্স-রে আলট্রাসনোগ্রাম, ইসিজি, এ্যাম্বুলেন্স, অপারেশন থিয়েটার সচল আছে । ডেঙ্গুর প্রকোপ কমে আসার লক্ষন দেখা যাচ্ছে । তবে শীতের শুরুতে ডায়রিয়ার প্রকোপ দেখা দিতেপারে বিধায় সকলকে সতর্ক থাকার বিষয়ে পরামর্শ প্রদান করা যাচ্ছে।। ১৯৪ টি কেন্দ্রে মোট ৪০৮৯৩ জন শিশু ৬ মাস থেকে ৫৯ মাস বয়সী বাচ্চাদের ভিটামিন এ ক্যাপসুল খাওয়নো হবে । | ক.উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, সরিষাবাড়ী। |

| | ...ভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| | | ২০২৩-২৪ অর্থ বছরে ঔষধ পত্র ও অন্যান্য সামগী সহ পথ্য, ধতি ও ষ্টেশনারীর টেন্ডার কাজ সম্পন্ন হয়েছে এবং কার্যাদেশ দেয়া হয়েছে ।<br>আগামী ১২/১২/২০২৩ ই তারিখ জাতীয় ভিটামিন এ প্লাস ক্যাম্পেইন পালিত হবে। ১৯৪ টি কেন্দ্রে মোট ৪০৮৯৩ জন শিশু ৬ মাস থেকে ৫৯ মাস বয়সী বাচ্চাদের ভিটামিন এ ক্যাপসুল খাওয়নো হবে, সকলের সহযোগিতা কামনা করা হচ্ছে । | | |
| ০৩ | উপজেলা প্রাণি সম্পদ বিভাগ। | উপজেলা প্রাণিসম্পদ অফিসার সভায় বলেন, গবাদি প্রাণি- ১৪৭৬ টি, হাঁস-মুরগী- ৭৯৪০০টি। টিকা প্রদান গবাদিপ্রাণি ২০১১ মাত্রা, হাঁস-মুরগী- ২৪০৪৫ মাত্রা । প্রশিক্ষণ- ৭৭৮ জন, কৃত্রিম প্রজনন- ৬২৫ টি বাচ্চা উৎপাদন ২৪২ টি, রাজস্ব আদায়- টিকা ২৭৭৭০ কৃত্রিম প্রজনন- ৪৬৮৭৫/- বিবিধ রাজস্ব প্রাপ্তি খামার রেজিষ্ট্রেশন- ১৬,১০০/- ফি ভেটেরিনারি মেডিকেল ক্যাম্প ১টি ।<br>অত্র দপ্তরে মাটি ভরাট প্রক্কলন সদয় অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করা হলো এবং সভার সম্মনীত সভাপতিসহ সকল সদস্যের সুবিবেচনার জন্য আহবান করা হলে । | ক. গবাদি পশু ও হাঁস মুরগীর মড়ক প্রতিরোধে সব ধরণের আগাম প্রস্তুতি নিতে হবে । | ক. উপজেলা প্রাণি সম্পদ অফিসার, সরিষাবাড়ী। |
| ০৪ | সিনিয়র উপজেলা মৎস্য বিভাগ। | ক.ইলিশের প্রধান প্রজনন মৌসুম উপলক্ষে আরামনগর বাজারে ০১ টি মোবাইল কোর্ট পরিচালনা করা হয় । ০১ নভেম্বর হতে ৩০ জুন পর্যন্ত জাটকা মৌসুম। এ সময়ে জাটকা আহরণ, ক্রয়-বিক্রয়, মজুদ ও বিনিময় দন্ডনীয় অপরাধ। ১০ ইঞ্চি (২৫ সেন্টিমিটার) দৈঘ্যের চেয়ে ছোট ইলিশ জাটকা নামে পরিচিত । তারাকান্দি ফার্টিলাইজার বাজারে ০১ টি অভিযান পরিচালনা করা হয়। রাজস্ব বাজেটের আওতায় ০৪ টি ব্যাচে মোট ৮০ জন মৎস্যচাষিকে প্রশিক্ষণ প্রদান করা হয়। অত্র উপজেলার পৌরসভা/বিভিন্ন ইউনিয়ন হতে অত্র দপ্তরে অফিসে আগত ২৮ জন মৎস্য চাষিদের মাছ চাষ বিষয়ে পরামর্শ প্রদান । সরিষাবাড়ী পৌরসভায় বলারদিয়ার ও মহাদান ইউনিয়নের বনগ্রামে ০২ টি পুকুর চাষির পুকুর পরিদর্শ করা হয়। দপ্তরের অন্যান্য বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ক. ইলিশের প্রধান প্রজনন মৌসুম উপলক্ষে আরামনগর বাজারে ০১ টি মোবাইল কোর্ট পরিচালনা করা হয় । মৎস্য চাষিদের উন্নয়নে মাঠ পর্যায়ে কার্যক্রম আরও বাড়াতে হবে । | সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, সরিষাবাড়ী। |
| ০৫ | উপজেলা প্রকৌশলী বিভাগ। | ক. উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, সরিষাবাড়ী উপজেলাধীন সাতপোয়া ইউপি- ঘোড়ামারা বাজার রাস্তার ২৫০০ মি. চেইনেজ এ SUPRB প্রকল্পের আওতায় ৯৮.০৬ মিটার ব্রীজ এবং ৪২.০০ মি. এপ্রোচ ভায়াডাক্ট এর লে-আউট প্রদান করা হয়েছে । বর্তমানে পাইলিং এর কাজ চলমান আছে।<br>খ. দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনের ভোট কেন্দ্র মাইনর মেরামত এর জন্য পাঁচটি প্রাইমারি স্কুলের প্রক্কলন প্রস্তত পূর্বক কাজ বাস্তবায়ন করা হয়েছে ।<br>গ. NNGPS, NBIDGPS, PEDP-4 প্রকল্পের আওতায় নতুন পাঁচটি স্কুলের ওয়ার্ক অর্ডার প্রদার পূর্বক লে-আউট এর কাজ চলমান আছে । এছাড়া ও অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান আছে | ক. সাতপোয়া এবং ঘোড়ামারা বাজার রাস্তার কাজ প্রক্কলন অনুযায়ী সঠিক তদারকির মাধ্যমে করার জন্য সভায় বলা হল<br>খ,গ. প্রকল্পের আওতায় নতুন পাঁচটি স্কুলের ওয়ার্ক অর্ডার প্রদার পূর্বক লে- আউট এর কাজ চলমান আছে । | ক. উপজেলা প্রকৌশলী এলজিইডি, সরিষাবাড়ী। |

| | ...ভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ০৬ | উপজেলা প্রাথমিক শিক্ষা বিভাগ । | ক. অত্র উপজেলার মইশাবাদুরিয়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ের পুকুর মাটি ভরাট করা প্রয়োজন। প্রাথমিক শিক্ষা অধিদপ্তর হতে কোন বরাদ্দ না থাকায় উপজেলা পরিষদ হতে স্থানীয়ভাবে পুকুর ভরাটের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো। আগামী ২০/১২/২০২৩খ্রিঃ তারিখ হতে ৩১/১২/২০২৩খ্রিঃ তারিখ পর্যন্ত সরকারি প্রাথমিক বিদ্যালয়-এ ২০২৪ শিক্ষাবর্ষে প্রাক-প্রাথমিক ও প্রাথমিক স্তরের বিনামূল্যে পাঠ্যপুস্তক বিদ্যালয় পর্যায়ে সরবরাহ করা হবে। এছাড়া শিক্ষকগণ উপস্থিতি বৃদ্ধির জন্য নিয়মিত হোম ভিজিট করবেন এবং মা সমাবেশ করার জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে। | ক. সরকারি প্রাথমিক বিদ্যালয়-এ ২০২৪ শিক্ষাবর্ষে প্রাক-প্রাথমিক ও প্রাথমিক স্তরের বিনামূল্যে পাঠ্যপুস্তক বিদ্যালয় পর্যায়ে সরবরাহ করা হবে বলে সভায় সিদ্ধান্ত হয় । | ক. উপজেলা শিক্ষা অফিসার, সরিষাবাড়ী। |
| ০৭ | উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ। | ক. ২০২১ সালের ডিগ্রী ২য় বর্ষ ও সমমানা পর্যায়ের নকলমুক্ত পরিবেশে পরীক্ষা অনুষ্ঠিত হচ্ছে । ৬ষ্ঠ ও ৭ম শ্রেণির নতুন কারিকুলাম এর প্রশিক্ষকগণ মাধ্যমিক পর্যায়ের সকল শিক্ষা প্রতিষ্ঠানে নতুন কারিকুলাম সংক্রান্ত প্ররির্দশন ও মনিটরিং করেন এবং ডিসেম্বর -২০২৩ খ্রিঃ তারিখে প্রশিক্ষণ অনুষ্ঠিত হবে।<br>খ. উপজেলা চেয়ারম্যান বলেন যে, বনগ্রাম মাদ্রাসা এবং জয়নগর মহিশাবাদুরিয় দাখিল মাদ্রাসা দুইটি খোলা আছে কিন্তু কোন ছাত্র নেই।<br>এছাড়া দাপ্তরিক অন্যান্য কার্যক্রম যথারীতি সুষ্ঠভাবে সম্পন্ন করা হচ্ছে । | ক.। ২০২১ সালের ডিগ্রী ২য় বর্ষ ও সমমানা পর্যায়ের নকলমুক্ত পরিবেশে পরীক্ষা অনুষ্ঠিত হচ্ছে । শিক্ষা প্রতিষ্ঠানে নতুন কারিকুলাম সংক্রান্ত পরিদর্শন ও মনিটরিং করেন ।<br>খ.বনগ্রাম মাদ্রাসা এবং জয়নগর মহিশাবাদুরিয়া দাখিল মাদ্রাসা দুটি তদন্ত করে ব্যবস্থা নেওয়া । | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সরিষাবাড়ী। |
| ০৮ | উপজেলা সমাজসেবা অফিস। | ক.উপজেলা সমাজসেবা অফিসার সভায় জানান যে, বয়স্ক, বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলা ভাতা, প্রতিবন্ধী ভাতা, প্রতিবন্ধী শিক্ষার্থীদের শিক্ষা উপবৃত্তি কর্মসূচি অনগ্রসর জনগোষ্ঠীর বিশেষ ভাতা বিশেষ শিক্ষা উপবৃত্তির উপকার ভোগীর লাইভ ভেরিফিকেশন ও নীতিমালার আলোকে প্রতিস্থাপনের জন্য সমাজসেবা অধিদফতরের নির্দেশনা মোতাবেক সংশ্লিষ্ট ইউনিয়ন কমিটি সার্বিক সহযোগিতায় উপকার ভোগীর লাইভ ভেরিফিকেশন সম্পন্ন হয়েছে। সমাজসেবা অধিদপ্তরের নির্দেশনা অনুযায়ী ডিসেম্বর - ২০২৩ এর শেষ সপ্তাহে ২ য় কিস্তির পেরোল দেওয়া হবে। প্রতি মঙ্গলবার সকাল ১০:০০ ঘটিকা থেকে দুপুর ১২:০০ ঘটিকা পযন্ত প্রতিবন্ধী জরিপ কাজ অনুস্ঠিত হয়। পল্লী সমাজসেবা কার্যক্রম (আর,এস,এস) পল্লী মাতৃকেন্দ্র কার্যক্রম (আরএমসি) এসিডদগ্ধ প্রতিবন্ধী পুনবাসন কার্যক্রম চলমান আছে । ক্যান্সার, কিডনি, জন্মগত হৃদরোগ, স্ট্রোকে প্যারালাইড, থ্যালাসেমিয়া ও লিভার সিরোসিসে আক্রান্ত রোগীদের এককালীন অনুদান প্রাপ্তির নিমিত্ত নির্ধারিত ফরম পূরণ পূর্বক প্রয়োজনীয় কাগজ সংযুক্ত করে আবেদন পত্রটি উপজেলা সমাজসেবা কার্যালয়ে জমা প্রদান করতে হবে। | ক. উপকারভোগীদের লাইভ ভেরিফিকেশন করার জন্য সংশ্লিষ্ট ইউনিয়ন কমিটি ও পৌরসভা বরাবর উপকার ভোগীর তালিকা প্রেরণ এবং মৃত, নিখোঁজ, বিধবাভাতাভোগী কিন্তু বর্তমানে স্বামী আছে তাদের নীতিমালা অনুযায়ী প্রতিস্থাপন করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | ক.উপজেলা সমাজসেবা অফিসার, সরিষাবাড়ী। |
| ০৯ | উপজেলা সমবায় অফিস। | ক. উপজেলা সমবায় অফিসার সভায় জানান, সমবায় সমিতি সমূহের অডিট সম্পাদন চলতি মাসে ১৮, মোট সম্পাদন ৭৬ সমবায় সমিতি সমুহের পরিদর্শন চলতি মাসে-০৫ টি, মোট সম্পাদন ২০ টি, রাজস্ব আদায়(ননটেক্স রেভিনিউ) চলতি মাসে ৬০০০ মোট সম্পাদন ২২,৬৫০/- - ,সমবায় উন্নয়ন তাহবিল আদায় ১২৪৭/- মোট সম্পাদন | ক. সমবায়ীদের বিভিন্ন ট্রেডে প্রশিক্ষন প্রদান করে, সক্ষমতা অর্জনের জন্য গুরুত্ব প্রদান করা হয় । এবং মাঠে ঋণ আদায়ে তৎপরতা বৃদ্ধি করতে হবে। | উপজেলা সমবায় অফিসার, সরিষাবাড়ী । |

| | বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| | | ৪০০১/-, সমবায় সমিতি সমূহের বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠান ১২ টি, মোট সম্পাদন ১৭ টি, সমবায় সমিতি সমূহের নির্বাচন অনুষ্ঠান চলতি মাসে- ০৩ টি, মোট সম্পাদন ১৩ টি, আই জি এ প্রশিক্ষণ প্রদান চলতিমাসে ০ মোট সম্পাদন ৮০, সমবায় সমিতি নিবন্ধন প্রদান চলতি মাসে ০ টি মোট ২ টি. দুগ্ধ প্রকল্পের ঋণ আদায় ৮৯,০০০/- মোট সম্পাদন ১১,৩৬,০০০/- আশ্রয়ন প্রকল্পের ঋণ আদায় চলতি মাসে- ৫০০/-, মোট সম্পাদন ১৫,৯২৫/-,সমবায়ীদের অবহিত করণ সভা চলতিমাসে ২টি মোট কর্ম সম্পাদন ১৪টি, স্ব-কর্মসংস্থান সৃষ্টি চলতি মাসে কর্ম সম্পাদন১০টি মোট কর্ম সম্পাদন ৫০টি। অফিসের অন্যান্য কাজ স্বাভাবিকভাবে চলছে। | | |
| ১০ | উপজেলা যুব উন্নয়ন অফিস। | ক.উপজেলা যুবউন্নয়ন অফিসার সভায় জানান যে, ২০২৩-২০২৪ চলতি অর্থ বছরে আত্মকর্মসংস্থান কর্মসূচীর রাজস্ব খাতে অপ্রাতিষ্ঠানিক প্রশিক্ষণের লক্ষ্য মাত্রা ১৪ টি ব্যাচে ৩০ জন করে ৪২০ জন। অক্টোবর / ২০২৩ ইং পর্যন্ত ২ টি ব্যাচে ৬০ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। ২০২৩-২০২৪ অর্থ বছরে আত্মকর্মসংস্থান ও পরিবার ভিত্তিক কর্মসূচীর ঋণ বিতরণের লক্ষ্য মাত্রা ৩৭,৪০,০০০/= (সাইত্রিশ লক্ষ চল্লিশ হাজার) টাকা। অক্টোবর/২০২৩ ইং পর্যন্ত আত্মকর্মসংস্থান কর্মসূচীতে ১০ জনকে ৪,২০,০০০/= (চার লক্ষ বিশ হাজার) টাকা ঋণ প্রদান করা হয়েছে এবং পরিবার ভিত্তিক কর্মসূচীর ১ টি কেন্দ্র গঠনের কাজ প্রক্রিয়াধীন । অফিসের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | সকল প্রকার প্রশিক্ষণ যাতে সুষ্ঠুভাবে সম্পন্ন করা হয় সে বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা নিতে হবে এবং যুব/যুব মহিলাদের মাঝে সঠিক তদারকির মাধ্যমে ঋণ বিতরণ ব্যবস্থা নিতে হবে। | উপজেলা যুব উন্নয়ন অফিসার, সরিষাবাড়ী। |
| ১১ | উপজেলা পরিবার পরিকল্পনা অফিস। | ক. উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার সভায় বলেন, নবেম্বর /২০২৩ ইং মাসের নিম্নোক্ত সেবা প্রদান করা হয় । মোট জনসংখ্যা ঃ ৩,৫৫,৭২০,মোট সক্ষম দম্পতি ৬৬৪৯০ জন,পুরুষ বন্ধ্যাকরণ -০০ জন, মহিলা বন্ধ্যাকরণ-০৮ জন, আই. ইউ. ডি ২১ জন , ইমপ্লান্ট-৪৪ জন, ইনজেকশন ১৮০৭ ভয়েল, খাবার বড়ি (সুখী) ১৮৬০৪ চক্র. খাবার বড়ি (আপন) ৫০১ চক্র, কনডম- ১৭৪৪৯ পিছ । অফিসের অন্যান্য কাজ স্বাভাবিকভাবে চলছে। | ক. পরিবার পরিকল্পনার কার্যক্রমে সফলতা অর্জনে জোরালোভাবে কাজ করতে হবে এবং সফলতা কার্যক্রম ধরে রাখতে হবে। | ক. উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, সরিষাবাড়ী। |
| ১২ | উপজেলা মহিলা বিষয়ক অফিস। | ক.উপজেলা মহিলা বিষয়ক অফিসার বলেন, মা ও শিশু সহায়তা কর্মসূচীর সুবিধাভোগীদের ডিসেম্বর/২০২৩ ইং পর্যন্ত ভাটারা ও সাতপোয়া ইউনিয়ন ব্যতিত সুবিধাভোগীদের নামের তালিকা অনুমোদন করা হয়েছে। ডিসেম্বর/২০২৩ ইং মাসের ০৮ ইউনিয়নের ভিডব্লিউবি বরাদ্দ প্রদান করা হয়েছে। কিশোর-কিশোরী ক্লাব স্থাপন প্রকল্পে সংগীত ও আবৃত্তির সাথে কেরাত সংযোজন করা হয়েছে। ২০২৪ সালের ছাত্র-ছাত্রী ভর্তির জন্য প্রকল্প পরিচালক হতে নির্দেশনা প্রদান করা হয়েছে। যা আগামী ৩১শে ডিসেম্বর/২০২৩ ইং মাসের মধ্যে প্রতিটি ক্লাবে ২০ জন কিশোরী ও ১০ জন করে কিশোর নামের তালিকা উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়ে জমা প্রদান করিতে হইবে। ক্লাবের কার্যক্রম নিয়মিতভাবে পরিচালিত হচ্ছে। পূর্বের ন্যায় কিশোর-কিশোরীদের নাস্তা প্রদান করা হচ্ছে। এছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালিত হচ্ছে। | ক. ২০২৩-২০২৪ অর্থ বছরের ভিডব্লিউবি সুবিধাভোগীদের ডিসেম্বর/২০২৩ ইং মাসের ভিডব্লিউবি মাল বরাদ্দ প্রদান করা হয়েছে । ২০২৪ সালের ছাত্র-ছাত্রী ভর্তির জন্য প্রকল্প পরিচালক হতে নির্দেশনা প্রদান করা হয়েছে। | ক. উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, সরিষাবাড়ী। |

| বিভাগের নাম | | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| | উপজেলা পল্লী উন্নয়ন অফিস (বি.আর.ডিবি। | ক.বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি) কর্তৃক বাস্তবায়িত সরিষাবাড়ী উপজেলার ০৭ টি প্রকল্প/কর্মসূচির কাজ চলমান রয়েছে। ১. মূল কর্মসূচি (আবর্তক) ২. সমন্বিত দারিদ্র্য বিমোচন কর্মসূচী (সদাবিক) ৩. পল্লী প্রগতি কর্মসূচী ৪. মহিলা উন্নয়ন কর্মসূচী ৫. দারিদ্র্য বিমোচনের লক্ষ্যে পুষ্টি সমৃদ্ধ উচ্চ মূল্যের অপ্রধান শস্য উৎপাদন, প্রক্রিয়াকরন ও বাজারজাতকরন শীর্ষক প্রকল্প ৬. বীর মুক্তিযোদ্ধা ও তাদের পোষ্যদের আত্নকর্মসংস্থান ও প্রশিক্ষন প্রকল্প ৭. সরকারের বিশেষ প্রণোদনা এস এম ই ঋণ " প্রতিটি প্রকল্প/কর্মসূচীর কাজ ঋণ বিতরন, ঋণ আদায়, সঞ্চয় ও শেয়ার আদায় চলমান রয়েছে। ২০২৩-২৪ অর্থ বছরে ৭টি প্রকল্পের ঋণ বিতরনের মোট লক্ষ্যমাত্রা ১৬৪.৬৮ লক্ষ টাকা নির্ধারন করা হয়েছে। মাঠ পর্যায়ে ১১৩.৭৮ লক্ষ টাকা খেলাপী রয়েছে। মাঠ পর্যায়ের খেলাপী টাকা আদায়ের জন্য সমিতি পর্যায়ে সদস্যদের নোটিশ প্রদান করা হয়েছে। ২০২৩-২৪ অর্থ বছরে বার্ষিক কর্ম সম্পাদনে চুক্তির আলোকে মাঠ পর্যায়ের কাজ চলমান রয়েছে। আন্তঃবিভাগীয় তেমন কোন সমস্যা নেই। | ক. মাঠে খেলাপী ঋণ আদায়ে জোরালো ভূমিকা রাখতে হবে। | ক. উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, সরিষাবাড়ী। |
| ১৪ | উপজেলা পল্লী দারিদ্র্য বিমোচন অফিস। | ক. উপজেলা পল্লী দারিদ্র্য বিমোচন বিভাগ সভায় অনুপস্থিত। | ক. সিদ্ধান্ত নাই । | ক. উপজেলা পল্লী দারিদ্র্য বিমোচন অফিসার, সরিষাবাড়ী। |
| ১৫ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিস। | ক. উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগ সভায় অনুপস্থিত । | সিদ্ধান্ত নাই । | ক.উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, সরিষাবাড়ী। |
| ১৬ | জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর। | ক. মানব সম্পদ উন্নয়নে গ্রামীণ পানি সরবরাহ, স্যানিটেশন এবং স্বাস্থ্যবিধি প্রকল্প এর আওতায় ০৪ (চার) টি পাবলিক টয়লেট এবং কমিউনিটি ক্লিনিকের ০৯ টি ওয়াশ ইউনিট স্থাপনের কাজ চলমান আছে। মানব সম্পদ উন্নয়নে গ্রামীণ পানি সরবরাহ, স্যানিটেশন এবং স্বাস্থ্যবিধি প্রকল্প এর আওতায় কমিউনিটি ভিত্তিক পাইপ লাইনের মাধ্যমে পানি সরবরাহে স্মল স্কীমের (৩০-৪০ বাড়ী) কাজ চলমান আছে। সাবমার্সিবল পাম্পযুক্ত কমিউনিটি ভিত্তিক নলকূপ (প্রতি ১০পরিবারের জন্য ০১ টি) এর সাইট নির্বাচনের কাজ চলমান আছে। GPS/NNGPS এর আওতায় বিভিন্ন সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ওয়াশব্লক এর নির্মাণ কাজ চলমান আছে। | ক. উপজেলা নির্বাহী অফিসার এবং উপজেলা চেয়ারম্যান সভায় বলেন যে, সকল প্রকল্পের কাজ সরকারী নীতিমালা অনুযায়ি শেষ করা জন্য উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরকে অবহিত করেন । | ক. উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, সরিষাবাড়ী। |
| ১৭. | উপজেলা খাদ্য নিয়ন্ত্রণ কর্মকর্তা। | কোন কার্যপত্র পাওয়া যায় নাই । | | উপজেলা খাদ্য নিয়ন্ত্রণ কর্মকর্তা, সরিষাবাড়ী। |
| ১৭ | উপজেলা পরিবেশ ও বন কর্মকর্তা। | ক. ফরেষ্টর, সরিষাবাড়ী সভায় জানান যে, অত্র উপজেলায় ২০০১-২০০২ সনে কোনাবাড়ী মসজিদ হইতে টাঙ্গাইল রাজিবদিয়ার (পানসি ঘাট) পর্যন্ত বাঁধবাগান- ০৫ (পাঁচ) কি.মি. এবং ২০০৩-২০০৪ সনে বলারদিয়ার নাপিতবাড়ী হইতে হক চেয়ারম্যান এর বাড়ী পর্যন্ত সংযোগ সড়ক বাগান= | ক. হক চেয়ারম্যান এর বাড়ী পর্যন্ত সংযোগ সড়ক বাগান= ১০ (দশ) কি. মি. সহ মোট = ১৫ কি. মি. বাগান এবং সরিষাবাড়ী তারাকান্দি নতুন | উপজেলা পরিবেশ ও বন কর্মকর্তা, সরিষাবাড়ী । |

| ...ভাগের নাম | | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| | | ১০ (দশ) কি. মি. সহ মোট = ১৫ কি. মি. বাগান বন বিভাগ কর্তৃক সামাজিক বনায়নের আওতায় সৃজন করা হয় । অত্র উপজেলায় সড়ক ও জনপথ বিভাগ জামালপুর কর্তৃক সরিষাবাড়ী তারাকান্দি নতুন বাইপাস সড়ক নির্মান ও প্রস্তুতকরণ কাজের জন্য উক্ত রাস্তার গাছগুলি কর্তন/ অপসারন করার প্রয়োজন । সড়ক ও জনপথ বিভাগ, জামালপুর কর্তৃক জরুরূ ভিত্তিতে গাছগুলি কর্তন/অপসারন করার জন্য গত ০৩/১০/২৩ তারিখে বন বিভাগকে অনুরোধ করেছেন । সেই প্রেক্ষিতে বন বিভাগ কর্তৃক উক্ত রাস্তার গাছগুলি মার্কিঙ তালিকা প্রস্তু করতঃ নিলামে বিক্রির প্রয়োজহীয় ব্যবস্থা গ্রহন ররিয়াছেন বলিয়া সভায় জনান । আর বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে । | বাইপাস সড়ক নির্মান ও প্রস্তুতকরণ কাজের জন্য উক্ত রাস্তার গাছগুলি কর্তন/ অপসারন করার প্রয়োজন । উক্ত প্রস্তাব সভায় সর্ব সম্মতি ক্রমে গৃহীত হয় । | |
| ১৮ | আমার বাড়ী আমার খামার ও পল্লী সঞ্চয় ব্যাংক। | ক পল্লীসঞ্চয় ব্যাংকের শাখা ব্যবস্থাপক সভায় জানান যে, উপজেলায় ব্যাংকে মোট ২১০টি সমিতিতে ১০৫০৯ জন সদস্য নিয়ে সঞ্চয় আদায় ও ঋণ কার্যক্রম চালু রয়েছে। সক্রিয় ঋণী আছে ৬২৯৩ জন (এসএমইসহ)। সদস্যরা সঞ্চয় আছে ৬,৪৮,১৮,০৫০/-টাকা ও ঋণের স্থিতি আছে ১৯,৩৬,৪৪,০২৫/-। এ পর্যন্ত শাখায় ১২২২ জন সদস্য প্রত্যাহার হয়েছে। বর্তমান অর্থ বছরের আদায়ের হার ৭৬% এবং অফিসের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | ক. উপজেলায় ব্যাংকে মোট ২১০টি সমিতিতে ১০৫৮১ জন সদস্য নিয়ে সঞ্চয় আদায় ও ঋণ কার্যক্রম চালু রয়েছে। | পল্লীসঞ্চয় ব্যাংকের শাখা ব্যবস্থাপক । |
| ১৯ | উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি)। | উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর (ইউডিএফ) সভায় জানান, ইউজিডিপি'র আওতায় ৬ষ্ট পর্যায়ে অবকাঠামো উন্নয়ন প্রকল্পের জন্য ৫০ লক্ষ টাকার ৩ (তিন) টি প্রকল্পের দরপত্র আহবান করা হয়েছে । উপজেলা পরিষদের ওয়েব পোর্টালটি নিয়মিত হালনাগাদ করার জন্য সংশ্লিষ্ট বিভাগ গুলোকে প্রয়োজনীয় তথ্য প্রদান করার জন্য আহবান করা হচ্ছে । | উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি) এর আওতায় ৬ষ্ঠ পর্যায়ের টেন্ডার প্রক্রিয়া যথাযথ ভাবে সম্পাদন করার জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়। | উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি)। |
| ২১ | উপজেলা পাট পরিদর্শক | উপজেলা পাট কর্মকর্তা সভায় জানান যে, ২০২৩-২০২৪ অর্থ বছরে পাটের ফলন ভালো হয়েছে। পাটের দাম কম থাকায় পাট ব্যবসায়িরা লোকসানের মুখে পাড়েছে । এজন্য গত বৎসরের তুলনায় এ বৎসর প্রায় ৫০ টি লাইসেন্স কম হয়েছে। | রাজস্ব আয় আরও বাড়াতে হবে। | উপজেলা পাট পরিদর্শক । |
| ২২ | বিদ্যুৎ বিভাগ। | ক. উপজেলা চেয়ারম্যান বলেন যে,ইরিগেশন মৌসুমে কি পরিমান বিদ্যুৎ লোড শেডিং হবে তা কি পরিমান হবে তা অবহিত করা । বিদ্যুৎতের যে সকল লাইন যুকিপূর্ন অবস্থায় আছে, তা পরিবর্তন করার জন্য বলেন । এবং উপজেলা নির্বাহী অফিসার বলেন, তারাকন্দি যমুনা ফার্টিলাইজার এর সামনে থেকে ঝুকিপূর্ন অবস্থায় বিদ্যুৎতের তার আছে তার ব্যবস্থা নেওয়ার জন্য বিদ্যুৎ বিভাগকে অনুরোধ জানান । | ক. পিডিবি সভায় জানান যে, এখন পর্যন্ত ইরিগেশন মৌসুমে কোন লোডশেডিং হবে না বলে সভায় আসস্ত করেন । তারাকান্দি যমুনা ফার্টিলাইজার এর সামনে ঝুকিপূর্ন অবস্থায় বিদ্যুৎতের খুটি আছে, সে ব্যাপারে ব্যবস্থা নেওয়ার জন্য বলেন । | নির্বহী প্রকৌশলী পিডিবি / ডিজিএম পল্লী বিদ্যুৎ |
| ২৩. | বিবিধ আলোচনা। | ১. উপজেলা চেয়ারম্যান এবং উপজেলা নির্বাহী অফিসার সভায় বলেন যে, এলাজিইডি কর্তৃক বস্তবায়নাধীন দুইটি রাস্তা পরিদর্শন করবেন ।<br>২. সরিষাবাড়ী উপজেলার ০৩ নং ডোয়াইল, ০৪ নং আওনা ও ০৮ নং মহাদান ইউনিয়নের গ্রাম পুলিশ নিয়োগের নিমিত্ত গত ২১/০৩/২০২৩ খ্রি. তারিখের যাচাই- বাছাই কমিটির | ২. স্মারক নং ০৫.৪৫.৩৯৮৫.০০০.১৬.০০১. ২২-২৯৬ মূলে সরিষাবাড়ী উপজেলার ০৩ নং ডোয়াইলে একজন, ০৪ নং আওনায় দুই জন, ও ০৮ নং মহাদান ইউনিয়নের একজন, সর্বমোট ৪ | উপজেলা চেয়ারম্যান এবং উপজেলা নির্বাহী অফিসার, |

| ...গের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| | সুপারিশের ভিত্তিতে চুড়ান্তভাবে মনোনীত নিম্নবর্ণিত প্রার্থীদের নিজ নিজ ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানের কার্যালয়ে গত৩০/০৪/২০২৩ খ্রি. তারিখের মধ্যে যোগদান করার জন্য নির্দেশ প্রদান করা হলো ।<br>ক. ০৩ নং ডোয়াইল- শ্রী স্বপন রবিদাস, পিতা-মৃত: শ্রী ফালু রবিদাস, গ্রাম- বালিয়া,ডাকঘর- রায়দের পাড়া, উপজেলা সরিষাবাড়ী, জেলা- জামালপুর ।<br>খ. ০৪ নং আওনা- (১)মুক্তি রানী দেবনাথ, পিতা- আসতোষ দেবনাথ, গ্রাম- স্থল, ডাকঘর- কাবইরয়াবাড়ী, উপজেলা- সরিষাবাড়ী, জেলা- জামালপুর ।<br>(২) সুবাশ রবিদাস, পিতা- মিলন রবিদাস, গ্রাম- কাশিনাথপুর,ডাকঘর- কবরিয়াবাড়ী, উপজেলা- সরিষাবাড়ী, জেলা- জামালপুর ।<br>গ. ০৮ নং মহাদান- জনাব মোঃ আশরাফ হোসেন, পিতা - মোঃ আঃ আজিজ, গ্রাম- সেঙ্গুয়া, ডাকঘর- শিবপুর, উপজেলা- সরিষাবাড়ী, জেলা- জামালপুর । | (চার) জন, গ্রাম পুলিশ নিয়োগের প্রস্তাব সভায় সর্বসম্মতি ক্রমে গৃহীত হয় । | |

সভাপতি সকল দপ্তরকে তাদের কার্যক্রম সম্পর্কে সভাপতিকে অবহিত করার জন্য অনুরোধ করেন । সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১৪/১২/২৪

(বীর মুক্তিযোদ্ধা মোঃ গিয়াস উদ্দিন পাঠান)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
সরিষাবাড়ী, জামালপুর ।

স্মারক নং ঃ ০৫.৩০.৩৯৮৫.০০০.১৬.০১০.২৩- ১১২২

তারিখ ঃ ১৪-১২- ২০২৩খ্রিঃ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ঃ-

০১। আলহাজ্ব ডাঃ মোঃ মুরাদ হাসান, এমপি,-১৪১ জামালপুর-৪
০২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রনালয়, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। জেলা প্রশাসক, জামালপুর।
০৪। উপ- পরিচালক, স্থানীয় সরকার, জামালপুর।
০৫। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ সরিষাবাড়ী, জামালপুর।
০৬। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সরিষাবাড়ী, জামালপুর।
০৭। জনাব ..............................................................................................................................

অনুলিপি জ্ঞাতার্থে/কার্যার্থে ঃ-

০১। উপজেলা ................................................................................অফিসার, সরিষাবাড়ী, জামালপুর।
০২। চেয়ারম্যান,...........................................................................ইউনিয়ন পরিষদ (সকল), সরিষাবাড়ী, জামালপুর।
০৩। জনাব ..........................................................................................

১৪/১২/২৩

(শারমিন আক্তার)
উপজেলা নির্বাহী অফিসার
সরিষাবাড়ী, জামালপুর।
ফোন নং- ০৯৮২৭-৫৬০১৮
email-unosarishabari@mopa.gov.bd

উপজেলা পরিষদের ডিসেম্বর /২০২৩ ইং মাসিক সভার হাজিরা তারিখ ঃ- ১৪ / ১২ /২০২৩খ্রিঃ

| ক্রমিক নং | নাম/ পদবী | স্বাক্ষর | মোবাইল নম্বর |
|---|---|---|---|
| ০১। | জনাব বীর মুক্তিযোদ্ধা মো ঃ গিয়াস উদ্দিন পাঠান, চেয়ারম্যান উপজেলা পরিষদ, সরিষাবাড়ী | [illegible] | |
| ০২। | জনাব,শারমিন আক্তার, উপজেলা নির্বাহী অফিসার, সরিষাবাড়ী | [illegible] | 01700970200 |
| ০৩। | মুহঃ সাদ্দাম হোসেন Acland | [illegible] | 01709970201 |
| ০৪। | ফয়সাল আহমেদ | [illegible] | 01320105206 |
| ০৫। | মো. মাহমুদুল হাসান, UHAPPO | [illegible] | 01902 [illegible] |
| ০৬। | মো: জাহিদুল ইসলাম UE | [illegible] | 01716366825 |
| ০৭। | নাহিদা ইয়াসমীন UEO | [illegible] | [illegible] |
| ০৮। | রুবেল হোসেন ইউএইচএফপিও | [illegible] | 01829 [illegible] 28 |
| ০৯। | মোঃ আরিফুর রহমান, USSO | [illegible] | 01679640168 |
| ১০। | [illegible] নাসরীন, UWAO | [illegible] | 01716-331753 |
| ১১। | মো. সাদিয়া আফসান ,UFPO | Sohia | 01727329068 |
| ১২। | সাদিকুল্লাহ, তথ্য সেবা (তথ্য আপা প্রকল্প) | [illegible] | 01313704434 |
| ১৩। | শারমিনা আক্তার খাতুন (পল্লী সঞ্চয় ব্যাংক) | [illegible] | 01781814138 |
| ১৪। | মোঃ আনোয়ারুল আলম, UDF,UGDP/JICA | [illegible] | 01734354293 |
| ১৫। | মো: মাহমুদুল হাসান AE. BPDB : Sarishabari | [illegible] | 01635273465 |
| ১৬। | মোঃ আনোয়ার হোসেন, ফরেস্টার | [illegible] | 01721-288754 |
| ১৭। | মেহেদী হাসান, সচিব, পৌরসভা [illegible] | [illegible] | 01329626716 |
| ১৮। | মোঃ [illegible] সচিব, [illegible] | [illegible] | 0132962671[illegible] |
| ১৯। | মো: আজিজুর রহিম সচিব মহাদান ইউনিয়ন | [illegible] | 01714-[illegible] |
| ২০। | মোঃ আতিক [illegible] ইউপি [illegible] [illegible] | [illegible] | 01710257302 |

| | | | |
|---|---|---|---|
| ২১। | মোঃ আবদুল হালিম<br>উপজেলা সমবায় অফিসার | 01714 788610 | |
| ২২। | মোঃ সালাউদ্দিন সরকার - URDO | 01716-431683 | |
| ২৩। | ডাঃ সন্তোষ কান্তি দত্ত - ULO | 01324290117 | |
| ২৪। | মোঃ মাহবুবুর রহমান, UYDO | | |
| ২৫। | অনুপ সিংহ, উপজেলা কৃষি অফিসার | 01724835688 | |
| ২৬। | মোঃ আব্দুল্লাহ আকন্দ, সিনিয়র-<br>উপজেলা ফিশারিজ অফিসার | 01799497997 | |
| ২৭। | মোঃ আবু বক্কর সিদ্দিক আকন্দ<br>AGM - PBS | 01769400489 | |
| ২৮। | মোঃ হুমায়ুন কবির, UPIO | 01722-584397 | |
| ২৯। | মেহেদী হাসান, SAE, DPHE | 01677172738 | |
| ৩০। | মোঃ আওরঙ্গজেব, পরিদর্শক (পাট) | 01711-196794 | |
| ৩১। | | | |
| ৩২। | | | |
| ৩৩। | | | |
| ৩৪। | | | |
| ৩৫। | | | |
| ৩৬। | | | |
| ৩৭। | | | |